কেন রে এতই যাবার ত্বরা—
বসন্ত, তোর হয়েছে কি ভোর    গানের ভরা ॥
এখনি মাধবী  ফুরালো কি সবই,
বনছায়া গায় শেষ ভৈরবী—
নিল কি বিদায় শিথিল করবী    বৃন্তঝরা ॥
এখনি তোমার পীত উত্তরী     দিবে কি ফেলে
তপ্ত দিনের শুষ্ক  তৃণের    আসন মেলে।
বিদায়ের পথে হতাশ বকুল
কপোতকূজনে হল যে আকুল,
চরণপূজনে ঝরাইছে ফুল    বসুন্ধরা ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail